

লাইব্রেরীতে পড়াশোনা ব্যানবেইস লাইব্রেরী



শিক্ষা কর্মসূচীতে শিক্ষা সম্পর্কিত তথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংরক্ষণ, সঞ্চলন ও প্রকাশনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় পর্যায়ে শিক্ষাবিষয়ক ব্যাপকভিত্তিক সঠিক তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, মূল্যায়ন, সঞ্চলন এবং দেশ-বিদেশের এতদসংক্রান্ত গ্রন্থ, রিপোর্ট, বিশেষ প্রকাশনা প্রভৃতির ডকুমেন্টেশন তথা জাতীয় শিক্ষা তথ্যকেন্দ্র হিসাবে বিভিন্ন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে “বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।” এর রয়েছে একটি সমৃদ্ধশালী গ্রন্থাগার। এই লাইব্রেরীতে গবেষক ও পাঠকদের সুবিধার্থে তাদের চাহিদা মোতাবেক বইপত্র ক্রয় করে তা পাঠকের সেবায় নিয়োজিত রাখে।

কি কি ধরনের বই আছে : ব্যানবেইস গ্রন্থাগারে সাধারণত মেডিক্যাল এবং ইঞ্জিনিয়ারিং ছাড়া কলেজ লেভেল হতে বিশ্ববিদ্যালয় লেভেলে অধ্যয়নের জন্য সকল বিষয়ের পাঠ্যবই এখানে সংগৃহীত আছে। এডুকেশন বেসিস বইপত্র, পরিসংখ্যান, শিক্ষাসংক্রান্ত জার্নাল, এনসাইক্লোপিডিয়াসহ এখানে সংগৃহীত পুস্তকের

সংখ্যা প্রায় ২২,০০০ এবং সংগৃহীত বাংলা এবং ইংরেজী জার্নালের সংখ্যা যথাক্রমে ১১৬ এবং ২১৯টি।

পড়াশোনা : সরকারী ছুটির দিন ব্যতীত প্রতি কার্যদিবসে সকাল ৯.৩০টা থেকে বিকাল ৩.৩০টা পর্যন্ত সাধারণ পাঠকের জন্য লাইব্রেরী খোলা থাকে। পাঠক তাদের নিজ শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র দেখিয়ে ওপেন সেলফ থেকে বই নিয়ে লাইব্রেরীতে বসেই পড়তে পারেন। বই ধার নেয়ার কোন সুযোগ এখানে নেই।

অন্যান্য : ব্যানবেইস গ্রন্থাগারে প্রতিদিন প্রকাশিত দেশের ৯টি শীর্ষস্থানীয় জাতীয় পত্রিকা রাখা হয়। পত্রিকাগুলো সাধারণ পাঠকদের পড়ার জন্য রাখা হয় না। এগুলোতে প্রকাশিত শিক্ষাসংক্রান্ত যাবতীয় বিজ্ঞপ্তি, ফিচার, তথ্যাবলী কাটিং করে পেপার ক্লিপিং ফাইলে সংগ্রহ করা হয়। পরবর্তীতে শিক্ষাসংক্রান্ত পরিসংখ্যান ও তথ্যাবলী প্রকাশের জন্য এগুলো হতে প্রয়োজনীয় সহায়তা নেয়া হয়।

যোগাযোগ : ব্যানবেইস, পলাশী মোড়, ইডেন কলেজসংলগ্ন, ঢাকা।